

## সংগঠন সংবাদ

৮. ৪. ২০০৬

গত ১১ ও ১২ ফেব্রুয়ারি ২০০৬, মালদা জেলার গঙ্গা ভাঙনে ক্ষতিগ্রস্ত এলাকায় দুটি চিকিৎসা শিবিরের আয়োজন করা হয়। বাঙ্গিটোলা ও পঞ্চগনন্দপুরে এ শিবিরের আয়োজন করে ‘অল ইন্ডিয়া স্টুডেন্টস অ্যাসোসিয়েশন’ এবং ‘সি পি আই (এম এল)’ মালদা জেলা কমিটি। এই সংগঠনগুলির আহ্বানে ‘পিপলস হেল্থ’ সংগঠনের তরফে ডা. দেবাশিষ মুখার্জি ও ডা. শান্তসবুজ দাশ এই শিবির দুটি পরিচালনা করেন। দুই দিনে সর্বমোট ৬০০ রোগীকে পরীক্ষা করা হয়। যক্ষ্মা, অপুষ্টিজনিত রোগ, আর্সেনিক বিষক্রিয়া ইত্যাদির প্রাদুর্ভাব দেখা গেছে। স্থানীয় মানুষেরা ভাঙনে তাঁদের দুর্দশার কাহিনী বিবৃত করেন। কিভাবে তাঁরা সরকার থেকে শুরু করে

বিভিন্নসংস্থার দ্বারা প্রতারণিত হন -- সেকথাও বলেন। আগামীতে আরও কিছু চিকিৎসা শিবির করার জন্য আয়োজক সংস্থাগুলির তরফে এবং স্থানীয় সংগঠনের তরফে ‘পিপলস হেল্থ’ -এর কাছে আবেদন রাখা হয়।

গত ৪ মার্চ পিপলস হেল্থ, শ্রমজীবী স্বাস্থ্য উদ্যোগ, ভাস্কর রাও জনস্বাস্থ্য কমিটি, এম সি ডি এস এ, ও জনস্বাস্থ্য স্বাধিকার মঞ্চের উদ্যোগে ‘পশ্চিমবঙ্গের স্বাস্থ্যক্ষেত্রে পাবলিক-প্রাইভেট পার্টনারশিপ’ বা পি পি পি বিষয়ে এক আলোচনাসভার আয়োজন করা হয়। এই আলোচনাসভায় বিভিন্ন স্বাস্থ্য-বিষয়ক সংগঠন, বিজ্ঞান সংগঠন ও সামাজিক সংগঠনের বক্তারা বক্তব্য রাখেন। তাঁদের বক্তব্যে পি পি পি -সহ রাজ্য স্বাস্থ্য বিভাগের বিভিন্ন কার্যকলাপ নিয়ে উদ্বেগ প্রকাশ করা হয়। স্বাস্থ্যক্ষেত্রে জি.ডি.পি.-র মাত্র ৯ শতাংশ ব্যয় হয়, যে ব্যয় রাজ্য সরকারি মোট ব্যয়ের ১৫ থেকে ১৭ শতাংশ মাত্র, এবং তার পরেও এই ক্ষেত্রে এন.জি.ও. ব্যবসায়িক সংস্থা ও বিভিন্ন বিদেশি সংস্থাদের সরাসরি আহ্বান জানানো -- এইসব সরকারি প্রচেষ্টার বিরুদ্ধে বক্তারা তাঁদের মত প্রকাশ করেন। উল্লেখযোগ্য অংশগ্রহণকারী সংগঠনগুলির মধ্যে আয়োজক সংস্থাগুলিসহ এইচ.এস.এ., শিলিগুড়ি ওয়েলফেয়ার অর্গানাইজেশন, মেডিক্যাল সার্ভিস সেন্টার, উৎস মানুষ ও অন্যান্য বিজ্ঞান সংগঠনগুলি এবং ডা. অর্নব সেনগুপ্ত, ডা. শুভাশিষ সাহা, ও নার্সিং সংগঠনের পক্ষ থেকে শোভনা নাথ বক্তব্য রাখেন। পাঁচজনের প্রেসিডিয়ামের তরফ থেকে সমাপ্তি বক্তব্যে এই মুহূর্তে প্রচার আন্দোলনের ওপর জোর দেওয়া হয়। একটি পুস্তিকা প্রকাশের সিদ্ধান্তও নেওয়া হয়।